



২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/১৩৯১

তারিখ : ৩১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাউবির বিএ এবং বিএসএস প্রোগ্রামের একজন শিক্ষার্থীর এক পরীক্ষা বৎসরে ১০ (দশ) টির অধিক কোর্সে রেজিস্ট্রেশন/
পুনঃপরীক্ষার ফি জমা প্রদান না করার বিষয়টি শিক্ষার্থীদের অবহিতকরণ প্রসঙ্গে।


মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবির বিএ এবং বিএসএস প্রোগ্রামের একাডেমিক রেগুলেশন অনুযায়ী একজন শিক্ষার্থী এক শিক্ষাবর্ষে সর্বোচ্চ ১০টি কোর্সে রেজিস্ট্রেশনকরতঃ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ বিষয়ে পরীক্ষা বিভাগ থেকে ইতোপূর্বে একাধিকবার আপনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু প্রতি বছরের পরীক্ষায়ই অনেক শিক্ষার্থী ১০টির অধিক কোর্সে রেজিস্ট্রেশন ও পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণের কারণে তাদের ফলাফল প্রকাশের ক্ষেত্রে সমস্যা/জটিলতার সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট সকলের স্বার্থে উল্লিখিত কোর্স সংক্রান্ত সমস্যা নিরসন হওয়া একান্ত প্রয়োজন।


এমতাবস্থায়, বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২-এ অংশগ্রহণেছু একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনকৃত/পুনঃপরীক্ষার কোর্সসহ যেন ১০ (দশ) টির অধিক কোর্স না থাকে তা আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বাসভাজন।


১৪/০৫/২০২৪

(মোঃ কামরুজ্জামান জুঁঞা)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক



অনুলিপি : অবগতি ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৫. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৬. উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সহকারী সিনিয়র প্রোগ্রামার/প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৮. সংরক্ষণ নথি।